21

দৈনিক সংবাদ

তারিখ ...17 APR 1996 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ২......

# শিক্ষার বিনিময়ে খাদ্য

## স্কুলের পোশাক ও এক বেলালের কথা

বগুড়া, ১৬ই এপ্রিল (জেলা বার্তা পরিবেশক)।– স্কুলে যাবার নির্দিষ্ট পোশাক না থাকায় বালক বেলালকে শিক্ষক পিটিয়ে স্কুল থেকে তাড়িয়ে দিয়েছেন। এ ঘটনাটি ঘটেছে গাবতলী থানার নশিপুর ইউনিয়নের মাজবাড়ি প্রাথমিক বিদ্যালয়ে।

অভিযোগ করা হয়েছে, দরিদ্র কৃষক 'যাবো'র পুত্র বেলাল বেশ কিছু দিন ধরেই মাজবাড়ি প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া করছে। দারিদ্র্যের কারণে 'যাবো' তার ছেলের জন্য স্কুলের পোশাক তৈরি করে দিতে পারেনি। এ ব্যর্থতার কারণে প্রায় ১১ মাস আগে বন্ধ করে দেয়া হয়েছে বেলালের জন্য বরাদ্দ করা শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম। কয়েকবার একই কারণে একই শিক্ষক বেলালকে মারপিট করেছে। দরিদ্র পিতামাতা অনেক অনুরোধ করে কয়েক মাস সময় নিয়েছে এই বলে যে, ধান কাটা হলে তা বিক্রি করে ছেলের পোশাক বানিয়ে দেবে। গত বৃহস্পতিবার হঠাৎ করেই শিক্ষক বেলালের ওপর ক্ষেপে গিয়ে বেদম মারপিট করে স্কুল থেকে তাকে তাড়িয়ে দেন। গায়ে আঘাতের চিহ্ন নিয়ে এসে বেলাল তার মাকে জানিয়ে দিয়েছে সে আর লেখাপড়া করবে না।